## এক নজরে
# উপজেলা সমবায় কার্যালয়,করিমগঞ্জ,কিশোরগঞ্জ,এর কার্যক্রম

**❊সমবায় কি এবং কেন ঃ-**

সমবায় ঃ- সমবায় হল - আর্থ সামাজিক উন্নয়নের একটি শক্তিশালী মাধ্যম, যাহা আর্থিক স্বচ্ছলতা ও স্বাবলম্বী হওয়ার সর্বোত্তম উপায় ও পরিকল্পনা, এতে অংশিদারিত্ব/মালিকানা স্বীকৃতি প্রদান করে।

কেনঃ- সমবায় সংগঠন ক্ষুদ্র সঞ্চয় ও ক্ষদ্র শক্তিকে সংঘবদ্ধ করে,যৌথ প্রচেষ্টার মাধ্যমে মানুষের আর্থ-সামাজিক মুক্তি এনে দেয়।

**❊সমবায় সংগঠন ঃ-** একই এলাকার সমমনা কতিপয় পূর্ন বয়স্ক ব্যক্তি একই উদ্দেশ্যে আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে একত্রিত হয়ে যে প্রতিষ্ঠান গড়ে তুলে তাকে বলা হয় সমবায় সমিতি / সমবায় সংগঠন।

**❊সমবায় আইন ও বিধি ঃ** সমবায় সমিতির কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য আইন ও বিধি সমূহ,

১. আইন ঃ সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধীতঃ ২০০২ ও ২০১৩)
২. বিধি ঃ সমবায় সমিতি বিধিমালা, ২০০৪
৩. উপ-আইন ঃ সমবায় সমিতি লিঃ এর উপ-আইন।

**❊সমবায় কার্যক্রম ঃ**

ক) উপজেলা সমবায় কার্যালয়ের মাধ্যমে সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ৩ বিধির আলোকে ক্যাটাগরী অনুযায়ী সমবায সমিতি নিবন্ধন আদেশ প্রদান করে থাকে। ক্যাটাগরী নিম্নরুপ ঃ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০১। | কৃষি/কৃষক | ০২। | মৎস্যজীবি / মৎস্য চাষী | ০৩। | শ্রমজীবি |
| ০৪। | মৃৎশিল্পী | ০৫। | তাঁতী | ০৬। | ভুমিহীন |
| ০৭। | বিত্তহীন | ০৮। | মহিলা | ০৯। | অটোরিক্সা,অটোটেম্পো,ট্যাক্সিক্যাব,মটর,ট্রাক,ট্রাঙ্কলরি চালক |
| ১০। | হকার্স | ১১। | পরিবহন মালিক/ শ্রমিক | ১২। | কর্মচারী |
| ১৩। | দুগ্ধ | ১৪। | মুক্তিযোদ্ধা | ১৫। | যুব |
| ১৬। | পানি ব্যবস্থাপনা | ১৭। | সার্বিক গ্রাম উন্নয়ন | ১৮। | গৃহায়ন |
| ১৯। | ফ্লাট/এপার্টমেন্ট | ২০। | দোকান মালিক/ব্যবসায়ী/মার্কেট | ২১। | ভোগ্যপন্য |
| ২২। | সঞ্চয়-ঋনদান | ২৩। | কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন | ২৪। | কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটি |
| ২৫। | বহুমুখী | ২৬। | কেন্দ্রীয় সমবায় ব্যাংক | ২৭। | উপজেলা/থানা কেন্দ্রীয় সমবায় সমিতি |
| ২৮। | কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লীগ অব বাংলাদেশ | | | ২৯। | বাংলাদেশ সমবায় ব্যাংক |
| ৩০। | উৎপাদনমুখী | ৩১ | ক্ষুদ্র ব্যবসায়ী | ৩২ | পেশাজীবি সমবায় সমিতি |
| ৩৩ | ক্ষুদ্র নৃ-ত্বথিক | ৩৪ | প্রক্রিয়া জাতাকরণ | ৩৫ | পর্যাটক শিল্প সমবায় সমিতি |

খ. অত্র উপজেলার মোট ক্যাটাগরীতে নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা ঃ কেন্দ্রীয় ০২টি ক্যাটাগরী এবং প্রাথমিক ২০ টি ক্যাটাগরী সমিতি নিবন্ধিত।

গ. অত্র উপজেলার প্রকল্প ভূক্ত সিভিডিবি সমবায় সমিতি নিবন্ধিত।

ঘ. অত্র উপজেলার আশ্রয়ণ (গুচ্ছগ্রাম) সমবায় সমিতি নিবন্ধিত।

**চ. উপজেলা সমবায় কার্যালয়ের মাধ্যমে নিবন্ধিত সমবায় সমিতিতে কার্যক্রম নিম্নরুপ ঃ**

০১. সমবায় সমিতির নিবন্ধন আদেশ ও নিবন্ধন বাতিলের আদেশ এবং উপ-আইন সংশোধনের আদেশ প্রদান।
০২. প্রতি বছর বিধিবদ্ধ বার্ষিক অডিট সম্পাদন এবং অডিট প্রতিবেদনের উপর টেষ্ট অডিট করন ও পর্যালোচনা করন।
০৩. পরিদর্শন, তদন্ত, ভিজিট ও তদারকী করন।
০৪. ব্যবস্থাপনা কমিটির নির্বাচন ও নির্বাচন কমিটি অনুমোদন, সাধারন সভা আহবান সম্পর্কে দিক নির্দেশনা প্রদান।
০৫. সমবায় সমিতির আর্থিক বাজেট অনুমোদন।
০৬. প্রকল্প ঋণের ক্ষেত্রে সম্ভাব্যতা যাচাই করে সুপারিশ প্রেরন।
০৭. লিকুইডেশনে ন্যাস্তেও আদেশ প্রদান ও কার্যক্রম যাচাই।
০৮. ডিসপুট মামলার কার্যক্রম পরিচালনা ও রায় ঘোষনা।
০৯. বিভিন্ন ট্রেডে প্রশিক্ষন প্রদান ও ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রদান।
১০. সমবায় কার্যক্রমে মাসিক, ত্রৈ-মাসিক ও বার্ষিক রির্টান প্রেরন।
১১. লভ্যাংশ বিতরনের কার্যক্রম পরিচালনা।

১২. ঋন দাদন ও আদায় করন।
১৩. অডিট ফি (সরকারী রাজস্ব) ধার্য্য ও আদায় করন।
১৪. সমবায় উন্নয়ন তহবিল ধার্য্য ও আদায় করন
১৫. সমবায় সম্পর্কিত বিভিন্ন মামলা ও রীট পিটিশন এবং আপীল মামলা নিস্পত্তির জবাব প্রেরন।
১৬. ঘোষিত সমসাময়িক কর্মসূচী (বৃক্ষরোপন) ।

**❊উন্নয়ন মূলক কর্মকান্ডঃ-**

❖ উপজেলা সমবায় কার্যালয়, করিমগঞ্জ,কিশোরগঞ্জ মাধ্যমে জেলা সমবায় কার্যালয়, কিশোরগঞ্জ কর্তৃক ভ্রাম্যমান প্রশিক্ষণ কর্মসূচী পরিচালনা করা হয় । যার মাধ্যমে সমবায়ীদের সমবায় আইন ও বিধিমালা বিষয়ে এবং সমিতির হিসাব সংরক্ষনের বিষয়ে প্রশিক্ষিত করা হয়।

❖ উপজেলা সমবায় কার্যালয়,করিমগঞ্জ,কিশোরগঞ্জ অবষ্থিত সমবায় সমিতি সদস্যদের সমবায় সম্পর্কিত সেলাই, কম্পিউটার, মোবাইল সার্ভিসিং,অটোমেকানিক, সমবায় ব্যবস্থাপনা বিষয়ে দক্ষ হিসেবে গড়ে তোলার জন্য সমবায় অধিদপ্তর কর্তৃক পরিচালিত আঞ্চলিক সমবায় শিক্ষায়াতন, মুক্তগাছা ও বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ী, কুমিল্লায় প্রশিক্ষণ দেওয়া হয়।

**❊সমবায় সমিতি নিবন্ধনের প্রক্রিয়াঃ-** **সমবায় সমিতি নিবন্ধন করতে যা যা লাগে:**

১। নমিনি সংক্রান্ত প্রত্যয়ন
২। পেশা সংক্রান্ত ব্যক্তিগত প্রত্যয়ন
৩। মেয়র/ওয়ার্ড কমিশনার/ইউপি চেয়ারম্যান কর্তৃক অফিস ঠিকানা/মালিকানা/ভাড়া সংক্রান্ত প্রত্যয়ন
৪। অফিস ভাড়ার চুক্তিপত্র (মাসিক ভাড়া, তফসিল, স্ট্যাম্পের পিছনে ভেন্ডারের সিল-স্বাক্ষরসহ) সংক্রান্ত প্রত্যয়ন
৫। অফিস ঘরের ছবি
৬। নিবন্ধন পূর্ববর্তী প্রশিক্ষণের হাজিরা শিট, ছবি, প্রশিক্ষণ সংক্রান্ত প্রতিবেদন
৭। আমানত সুরক্ষা তহবিল গঠনের বিষয়ে ব্যবস্থাপনা কমিটির প্রত্যয়ন
৮। শেয়ার রেজিস্টারের সত্যায়িত কপি
৯। সঞ্চয় রেজিস্টারের সত্যায়িত কপি
১০। ক্যাশ রেজিস্টারের সত্যায়িত কপি
১১। মেম্বার রেজিস্টারের সত্যায়িত কপি
১২। রেজ্যুলেশন রেজিস্টারের সত্যায়িত কপি
১৩। হস্তমজুদ তহবিল সংক্রান্ত প্রত্যয়ন
১৪। একই কর্মএলাকায় একই নামে সমিতি নেই মর্মে ইউসিওর প্রত্যয়ন
১৫। আয়কর সংক্রান্ত প্রত্যয়ন
১৬। ব্যবসায়ী সমিতির ক্ষেত্রে প্রত্যেকের ট্রেড লাইসেন্স
১৭। সব সদস্যের মূল এনআইডি জেলায় পাঠাতে হবে অথবা ইউসিওকে এনআইডি যাচাই করে প্রত্যয়ন দিতে হবে
১৮। শেয়ার, সঞ্চয়, বিবিধ ও ভর্তি ফি আদায় সংক্রান্ত প্রত্যয়ন (ইউসিও)
১৯। নিবন্ধন পূর্ববর্তী প্রশিক্ষণের আলোকচিত্র (ছবি)
২০। প্রস্তাবিত সমবায় সমিতি কর্তৃক আবেদন দাখিল করার পূর্বে প্রদানযোগ্য অঙ্গীকারনামা
২১। সাংগঠনিক সভার রেজ্যুলেশন
২২। মতামতের টেক্সট বক্সে মতামত লিখে দিতে হবে।
২৩। নিবন্ধন পূর্ববর্তী প্রশিক্ষণ সংক্রান্ত প্রত্যয়ন (ইউসিওর)
২৪। জাতীয় পরিচয়পত্রের/জন্মনিবন্ধন সনদ দাখিল সংক্রান্ত প্রত্যয়ন
২৫। আবেদনপত্রের বিভিন্ন অংশে, আইডিএসডিপি সিস্টেমে, রেজিস্টারসমূহে সমিতির সদস্যদের স্বাক্ষর সংক্রান্ত প্রত্যয়ন (এআইসিএস এর)
২৬। আবেদনপত্রের সঙ্গে দাখিলপত্র দলিলাদি সত্যায়নকরণ সংক্রান্ত প্রত্যয়ন (এআইসিএস এর)
২৭। এক সেট সমিতি নিবন্ধনের আবেদন ফরম।
২ সেট ম্যানুয়েল ফাইল জেলায় পাঠাতে হবে, যার মধ্যে ১ সেট নিবন্ধন হওয়ার সাথে সাথে ফেরত দেওয়া হবে
অনলাইনে সমিতি নিবন্ধন করতে https://service.rdcd.gov.bd ওয়েব সাইটে প্রবেশ করে নিবন্ধনের তথ্য লগইন করে এন্টি দিতে হবে|

**❊সমবায়ে সম্পৃক্ত অন্যান্য দপ্তর এবং তাদের কার্যক্রমঃ-**

**০১.বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (BRDB)**

ক. কৃষক, মহিলা ও বিত্তহীন এই তিন কেন্দ্রীয় নিবন্ধিত প্রাথমিক সমবায় সমিতি রয়েছে এবং নিবন্ধনের সীমাবদ্ধতাও রয়েছে।
খ. সমবায় সমিতি নিবন্ধনের একতিয়ার শুধু সমবায় অধিদপ্তরের।
গ. বিধি সম্মত সকল কার্যক্রম পরিচালনা করে থাকে সমবায় অধিদপ্তর।

যেমনঃ অডিট, পরিদর্শন, তদন্ত, টেষ্ট অডিট, অডিট নোট পর্যালোচনা, নির্বাচন কমিটি, অন্তবর্তী কমিটি, ব্যবস্থাপনা কমিটি বাতিল, ডিসপুট মামলা পরিচালনা, লিকুইডেশনে ন্যাস্ত, উপ-আইন সংশোধন, নিবন্ধন বাতিল অডিট ফি (সরকারী রাজস্ব) ধার্য্য ও আদায়, ধার্য্য ও আদায় ইত্যাদি।

ঘ. শুধু ঋণ কার্যক্রম পরিচালনা এবং কেন্দ্রীয় সমিতির সাচিবিক/ নির্বাহী কর্মকর্তার দায়িত্ব পালন করে থাকে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা। তিনি সমিতির ব্যবস্থাপনা কমিটির নিয়ন্ত্রনে।

ঙ. এই উপজেলায় পউবো ভুক্ত ০১ কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ রয়েছে।

## ০২. স্থানীয় প্রকৌশল দপ্তর (LGED) পানি উন্নয়ন বোর্ড এবং তাদের কার্যক্রমঃ

ক. শুধু পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি নিবন্ধনের সীমাবদ্ধতা রয়েছে।

খ. সমবায় সমিতি নিবন্ধনের এখতিয়ার শুধু সমবায় অধিদপ্তর।

গ. বিধি সম্মত সকল কার্যক্রম পরিচালন করে থাকে সমবায় অধিদপ্তর।

ঘ. (LGED) ও পানি উন্নয়ন বোর্ড শুধু পানি ব্যবস্থাপনার অবকাঠামোগত প্রকৌশলী কার্যক্রম পরিচালনা করে থাকে।

ঙ. এই উপজেলায় (LGED) অধিনে নিবন্ধিত প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা ২ টি এবং পানি উন্নয়ন বোর্ডের কোন নিবন্ধিত সমবায় সমিতি নেই।

## ০৩. আশ্রয়ন প্রকল্পঃ

ক. ইহা একটি সরকারী প্রকল্প মাননীয় প্রধান মন্ত্রীর দপ্তর ইহার কার্যক্রম নিয়ন্ত্রন করে থাকে।

খ. প্রকল্পের জমি, গৃহ নির্মান ও অন্যান্য অবকাঠামো সরকারী অর্থায়নে করা হয়েছে।

গ. প্রকল্পের সার্বিক কর্মকান্ড তদারকি করে থাকেন জেলা প্রশাসক।

ঘ. প্রকল্পে ঋণ বিতরন করা হয়েছে।

ঙ. প্রকল্প ভুক্ত নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা ৩ টি।